

আজ বুয়েটে আন্দোলনের বিষয়ে সিদ্ধান্ত

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

১৫ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৫ অক্টোবর ২০১৯ ০৮:৪৭



বুয়েট শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যাকাণ্ডের জেরে সাধারণ শিক্ষার্থীদের আন্দোলনে ক্যাম্পাস ছিল উত্তাল। ক্লাস, পরীক্ষা রেখে আন্দোলনকারীরা পথে নামায় সৃষ্টি হয়েছিল অচলাবস্থা। এ কারণে বুয়েটের ভর্তি পরীক্ষা নিয়েও এক রকম অনিশ্চয়তা দেখা দিয়েছিল। আন্দোলনকারীরা ভর্তি পরীক্ষার বিষয়টি বিবেচনায় নিয়ে রবি ও সোমবার এ দুদিনের জন্য আন্দোলন শিথিল করায় শেষ পর্যন্ত কোনো অনাকাক্ষিক্ষিত ঘটনা ছাড়াই গতকাল অনুষ্ঠিত হয়েছে ভর্তি পরীক্ষা। এদিন আন্দোলনকারীরা বিক্ষোভ, মিছিল বা সমাবেশ না করলেও পরীক্ষা চলাকালে খুনিদের বিচার দাবিতে গণস্বাক্ষর সংগ্রহ অভিযান চালিয়েছে।

আজ থেকে ফের ১০ দফা দাবি আদায়ে শুরু হবে সাধারণ শিক্ষার্থীদের আন্দোলন কর্মসূচি। এদিকে বুয়েটের চলমান এ সংকট নিরসনে কয়েকটি কমিটি গঠন করা হয়েছে বলে জানিয়েছেন প্রতিষ্ঠানটির উপাচার্য অধ্যাপক ড. সাইফুল ইসলাম। এ ছাড়া আবরার ফাহাদ হত্যাকাণ্ডে সম্পৃক্ত থাকার দায়ে ছাত্রলীগের আরও এক নেতা, বুয়েট শাখার আইনবিষয়ক উপসম্পাদক অমিত সাহাকে সংগঠন থেকে বহিস্কার করা হয়েছে।

গতকাল সকাল ৯টা থেকে তিন ঘণ্টা ব্যাপ্তির ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। আবেদনের পর পরীক্ষা দেওয়ার জন্য নির্বাচিত পরীক্ষার্থীদের মধ্যে ৯০ শতাংশই এতে অংশ নেন বলে জানিয়েছে বুয়েট কর্তৃপক্ষ। ভর্তি পরীক্ষার কারণে সকাল থেকেই বুয়েট ক্যাম্পাসে ভর্তি-ইচ্ছুক ও তাদের অভিভাবকরা ভিড় করেন। এর মধ্যেই ক্যাম্পাসে শহীদ মিনারের সামনে

সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে কর্মসূচি পালিত হয়। আবরার হত্যার বিচারের দাবিতে গণস্বাক্ষর সংগ্রহ কর্মসূচি পালিত হয়। সেখানে অনেক শিক্ষার্থীকেই স্বাক্ষর করতে দেখা যায়।

আন্দোলনরত শিক্ষার্থীদের একজন অন্তরা তিথি। তিনি বলেন, আমরা শিক্ষার পরিবেশ ও শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করতে আন্দোলন করছি। সব দাবি পূরণ না হওয়া পর্যন্ত এ আন্দোলন চলবে। ভর্তি পরীক্ষার কারণে আমরা দুদিনের জন্য আন্দোলন শিথিল করেছিলাম। যেহেতু পরীক্ষা শেষ, তাই আগামীকাল থেকে আমরা আবার আন্দোলন শুরু করব। তবে আজ সংবাদ সম্মেলন করে পরবর্তী কর্মসূচি জানিয়ে দেওয়া হবে। তিনি বলেন, আমাদের ১০ দফা দাবি কর্তৃপক্ষের মেনে নেওয়া এবং এগুলোর দৃশ্যমান অগ্রগতি দেখতে চাই।

বুয়েটের সংকট সমাধানে কয়েকটি কমিটি গঠন হয়েছে : উপাচার্য

বুয়েট উপাচার্য অধ্যাপক সাইফুল ইসলাম গতকাল ভর্তি পরীক্ষার ব্যস্ততার মধ্যেই সাংবাদিকদের সঙ্গে চলমান সংকট নিয়ে কথা বলেছেন। তিনি জানান, সংকট নিরসনে কয়েকটি কমিটি গঠন করা হয়েছে। ভিসি বলেন, আমরা শিক্ষার্থীদের দাবি মেনে নিয়েছি। যে সমস্যা রয়েছে, সেগুলো সমাধানে বেশ কয়েকটি কমিটি করেছি আমরা। আশা করি, দ্রুতই সংকট নিরসন হবে।

advertisement

অমিত সাহাকে ছাত্রলীগ থেকে বহিষ্কার

আবরার ফাহাদ হত্যাকাণ্ডে সম্পৃক্ততার দায়ে বুয়েট শাখা ছাত্রলীগের আইনবিষয়ক উপসম্পাদক অমিত সাহাকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। গতকাল সোমবার ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি আল-নাহিয়ান খান জয় ও সাধারণ সম্পাদক লেখক ভট্টাচার্য স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

বুয়েটের নতুন অধ্যাদেশ প্রণয়নের আহ্বান মুক্তিযুদ্ধ মঞ্চের

পাকিস্তান আমলের অধ্যাদেশ অনুযায়ী বুয়েট চলছে দাবি করে তা বাতিল করার এবং নতুন অধ্যাদেশ প্রণয়ন করার আহ্বান জানিয়েছে মুক্তিযুদ্ধ মঞ্চ। গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাষ্কর্যে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশে সংগঠনটি ছাত্ররাজনীতি নিষিদ্ধের যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, তা-ও প্রত্যাহারের দাবি জানায়।

সমাবেশে সংগঠনটির সভাপতি আমিনুল ইসলাম বুলবুল ও সাধারণ সম্পাদক মো. আল মামুন বক্তব্য দেন। এ ছাড়া উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধ মঞ্চ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি সনেট মাহমুদ, সাধারণ সম্পাদক ইয়াসির আরাফাত তুর্ক, ঢাকা মহানগর দক্ষিণের সভাপতি সোহেল রানা, সম্পাদক ইমরান হোসেন, উত্তরের সাধারণ সম্পাদক সোহেল মিয়া প্রমুখ।